6/8/2000

দৈনিক ইত্তেফাক

তারিখ ........ পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারী শিক্ষকদের বেতন বৈষম্য

লক্ষাধিক শিক্ষক বিভিন্ন বেসরকারী উচ্চ বিদ্যালয়ে কর্মরত আছেন। তাঁহাদের মধ্যে সিনিয়র বা অধিক সিনিয়র যাঁহারা রহিয়াছেন তাঁহারা সরকারী ঘোষণা মোতাবেক বেতন-স্কেলে দারুণ বৈষম্যের শিকার হইয়াছেন। উদাহরণস্বরূপ বলা যায়, ৩/৪ বৎসর শিক্ষকতা করিয়া বিএড ট্রেনিং নিয়া সিনিয়র স্কেলে অনেকে বেতন পাইতেছেন এবং পরবর্তী আট বৎসর পর টাইম স্কেলে ৪৩০০ টাকার স্কেলে বর্ধিত বেতন উত্তোলন করিতেছেন। অন্যদিকে ৮+৮=১৬ বৎসরে বিএড ট্রেনিং ছাড়াই ৪৩০০ টাকার স্কেলে অনেক শিক্ষক-শিক্ষিকা বেতন পাইতেছেন। অথচ অনেক প্রশিক্ষণপ্রাপ্ত গ্রাজুয়েট ২০/২৫ বৎসর শিক্ষকতা করিয়াও জীবনের শেষপ্রান্তে আসিয়া মাত্র চার হাজার তিন শত টাকার স্কেলেই আটকা পড়িয়া আছেন। এই সমস্ত শিক্ষককে উচ্চতর বেতন-স্কেল প্রদান করিয়া বেতন বৈষম্য দূর করিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন মহলের প্রতি নির্বন্ধ অনুরোধ জানাইতেছি।